

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ২১/২০১৫

আবেদনকারী : জনাব জাগরন চাকমা

পিতা-কালী চরন চাকমা  
১৪৯-১৫০ বেক্সিমকো মিডিয়া কমপ্লেক্স  
তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।

প্রতিপক্ষ : জনাব আবু ফরাহ মোঃ নাছের

মহাব্যবস্থাপক  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়  
ঢাকা।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১৮-০৩-২০১৫ ইং)

বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় এর মহাব্যবস্থাপক জনাব আবু ফরাহ মোঃ নাছের ১১৩ নং স্মারকে ২১-০১-২০১৫ তারিখে স্বাক্ষরিত এবং তথ্য কমিশনে ২৬-০১-২০১৫ তারিখে প্রাপ্ত) জনাব জাগরন চাকমা, পিতা-কালী চরন চাকমা, ১৪৯-১৫০ বেক্সিমকো মিডিয়া কমপ্লেক্স, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা কর্তৃক দাখিলকৃত তথ্য প্রাপ্তির আবেদনের বিষয়ে তথ্য কমিশনে একটি পত্র প্রেরণ করেন। পত্র পর্যালোচনান্তে দেখা যায় যে, সাংবাদিক জনাব জাগরন চাকমা ০৬-১১-২০১৪ তারিখে বাংলাদেশ ব্যাংকের নিকট “Bangladesh Financial Intelligence Unit (BFIU) এর তদন্ত রিপোর্ট ১০ প্রাইভেট একাউন্টে জঙ্গি অর্থায়নে লেনদেন” সংক্রান্ত তথ্য চেয়ে তথ্য প্রাপ্তির আবেদন করেন। এ প্রেক্ষিতে আবেদনকারীর যাচিত তথ্যাদি প্রদান স্থগিত রাখার বিষয়ে পূর্বানুমোদন চেয়ে তথ্য কমিশনে অত্র পত্রটি প্রেরণ করা হয়।

০২। বিষয়টি কমিশনের ২৯-০১-২০১৫ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী আবেদনের বিষয়ে ১৯-০২-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৩। ধার্য তারিখে উভয়পক্ষের উপস্থিতিতে শুনানী গৃহীত হয়। পরবর্তীতে অধিকতর শুনানীর জন্য ১৮-০৩-২০১৫ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে আবেদনকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে আবেদনকারী জনাব জাগরন চাকমা হাজির। প্রতিপক্ষ বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় এর মহাব্যবস্থাপক এর পক্ষে বিজ্ঞ আইনজীবী জনাব তনয় কুমার সাহা হাজির। আবেদনকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে তিনি আবেদন করেন। কিন্তু তার যাচিত তথ্য সরবরাহ স্থগিত রাখার পূর্বানুমতি চেয়ে বাংলাদেশ ব্যাংক তথ্য কমিশনে পত্র প্রেরণ করে।

০৫। প্রতিপক্ষের বিজ্ঞ আইনজীবী তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর যাচিত তথ্যাদি সুনির্দিষ্ট ছিলনা। মানিলন্ডারিং আইন, ২০১২ এর ২৪ ধারা অনুযায়ী বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) প্রতিষ্ঠিত একটি স্বতন্ত্র প্রতিষ্ঠান। মানিলন্ডারিং আইন, ২০১২ এর ৬ ধারায় কোন ব্যক্তি, সংস্থা বা সংবাদ মাধ্যমকে তথ্য প্রকাশ না করার বিষয়টি উল্লেখ রয়েছে। ২৪(৩) ধারা অনুযায়ী বিএফআইইউ অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থাকে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থ যোগান সংশ্লিষ্ট তথ্যাদি প্রয়োজনে স্ব-উদ্যোগে সরবরাহ করতে পারবে। সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১৫(১)(ক) ও ১৫(২) ধারা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ বা সংশ্লিষ্ট অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থাকে উক্ত তথ্য সরবরাহ করা যাবে বা রিপোর্ট প্রদান করা যাবে। এছাড়া আন্তর্জাতিক মানদণ্ড ও এফএটিএফ এর সুপারিশ অনুযায়ী এফআইইউ এর নিকট সংরক্ষিত তথ্যাদি গোপনীয় হিসেবে বিবেচিত হয় এবং এসব তথ্য শুধুমাত্র সংশ্লিষ্ট আইন প্রয়োগকারী সংস্থার সাথে ইন্টেলিজেন্স হিসেবে ব্যবহার করা যায় এবং তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ৭ অনুযায়ী কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয়। ২০১৪ সালে ১০টি একাউন্টের তথ্য ঢাকা মেট্রো পলিটন পুলিশকে প্রদান করা হয়েছে। সংশ্লিষ্ট আইন প্রয়োগকারী ও তদন্তকারী সংস্থাকে প্রেরিত তথ্যাদির প্রকৃতি গোপনীয় এবং সংবেদনশীল হওয়ায় কোন ব্যক্তি বা সংবাদ মাধ্যমকে প্রদান করা সংগত নয়।

(অ: পৃ: দ্র:)

## পর্যালোচনা।

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, আবেদনকারীর যাচিত তথ্যটি আইন প্রয়োগকারী সংস্থাকে তদন্তের জন্য প্রদান করা হয়েছে। জঙ্গী অর্থায়নে লেনদেন সংক্রান্ত প্রার্থিত তথ্যাদি বাংলাদেশের নিরাপত্তার সাথে সংশ্লিষ্ট হওয়ায় এবং ২০১৪ সালে ১০ টি একাউন্টের তথ্য ঢাকা মেট্রোপলিটন পুলিশের নিকট তদন্তাধীন থাকাবস্থায় তথ্য সরবরাহ করা হলে সংশ্লিষ্ট আইনের প্রয়োগ বাধাগ্রস্ত হতে পারে বিবেচনায় তথ্য সরবরাহের আদেশ প্রদান সমীচীন হবেনা মর্মে কমিশন মনে করে।

## সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিতভাবে অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

যেহেতু, যাচিত তথ্য আইন প্রয়োগকারী সংস্থাকে প্রদান করা হয়েছে যা তদন্তাধীন রয়েছে এবং যা প্রকাশিত হলে সংশ্লিষ্ট আইনের প্রয়োগ বাধাগ্রস্ত হওয়ার সম্ভবনা রয়েছে; এবং যেহেতু প্রার্থিত তথ্যের সাথে বাংলাদেশের রাষ্ট্রীয় নিরাপত্তার বিষয়টি জড়িত রয়েছে; সেহেতু, তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ৭ এর উপধারা (ক), (চ) ও (ড) অনুযায়ী আবেদনকারীকে তথ্য প্রদান না করা সমীচীন বিবেচনায় বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় কর্তৃক তথ্য সরবরাহ স্থগিত রাখার আবেদন মঞ্জুর করা হলো এবং আবেদনকারীর তথ্য প্রাপ্তির আবেদন নামঞ্জুর করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত/-  
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাদ্দ)।  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত/-  
(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত/-  
(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার